



নিষেধাজ্ঞা প্রত্যাহারের শর্তে পরমাণু স্থাপনায় পরিদর্শনে রাজি ইরান



ইরানের পররাষ্ট্রমন্ত্রী আব্বাস আরাঘচি। ছবি: সংগৃহীত

নিষেধাজ্ঞা শিথিল বা প্রত্যাহার করা হলে হামলায় ক্ষতিগ্রস্ত পারমাণবিক স্থাপনাগুলোতে আন্তর্জাতিক পরিদর্শকদের প্রবেশের সুযোগ দিতে ইরান প্রস্তুত বলে জানিয়েছেন পররাষ্ট্রমন্ত্রী আব্বাস আরাঘচি। জাতিসংঘ সাধারণ পরিষদের অধিবেশনের ফাঁকে ইউরোপীয় ও মধ্যপ্রাচ্যের কূটনীতিকদের সঙ্গে বৈঠকে তিনি এ প্রস্তাব দেন বলে বৃহস্পতিবার (২ অক্টোবর) জানিয়েছে ক্লুমবার্গ।

কূটনীতিকদের বরাতে সংবাদমাধ্যমটি জানায়, জাতিসংঘের পুনর্বহাল করা নিষেধাজ্ঞা প্রত্যাহারেও ইউরোপীয় দেশগুলোর সমর্থন চেয়েছেন আরাঘচি। তবে সেই দাবি প্রত্যাখ্যান করেছে ইউরোপীয় দেশগুলো।

‘সম্মাপব্যাক’ প্রক্রিয়ায় গত সেপ্টেম্বর থেকে ইরানের ওপর জাতিসংঘের কয়েকটি নিষেধাজ্ঞা পুনরায় কার্যকর হয়েছে। ক্লুমবার্গের তথ্য অনুযায়ী, নিষেধাজ্ঞার প্রভাবে ইরানের মুদ্রার দরপতন ও মূল্যস্ফীতি বেড়েছে এবং তেল রপ্তানিও চাপে পড়েছে।

এদিকে ইরান-যুক্তরাষ্ট্র আলোচনা পুনরায় গুরুত্বপূর্ণ বিষয়ে মধ্যস্থতাকারীরা তেহরানকে পারমাণবিক কর্মসূচিতে ছাড় দেওয়ার জন্য চাপ দিচ্ছেন বলে জানিয়েছে ওয়াল স্ট্রিট জার্নাল। তবে নতুন আলোচনার আগে যুক্তরাষ্ট্রের কাছ থেকে কিছু ছাড় চায় ইরান বলে জানিয়েছেন সংশ্লিষ্ট কর্মকর্তারা।

এর আগে ইরানের প্রেসিডেন্ট মাসুদ পেজেশকিয়ানও আন্তর্জাতিক পরিদর্শকদের পারমাণবিক স্থাপনায় প্রবেশের সুযোগ দেওয়ার প্রস্ততির কথা জানিয়েছিলেন বলে জানিয়েছে সিবিএস।